



মজিদ জরিনা ফাউন্ডেশন স্কুল এন্ড কলেজ, শরীয়তপুর



শিক্ষাবর্ষ-২০২০

EIIN: 136825

কলেজ কোড : ৬০২৮

বিদ্যালয় কোড : ৬০৬১

ওয়েবসাইট : <https://www.mjfsc.edu.bd>

ফেসবুক পেইজ : Mazid Jarina Foundation School and College

স্মারক নংঃ ম.জ.ফা.স্ক.ক.অ.নো.-২০২০/২৪

তারিখ : ৩১/০৭/২০২০ খ্রি.

নোটিশ

ঈদ মুবারক

ঈদ মুবারক


ঈদ মুবারক

সুপ্রিয় শিক্ষার্থী ও সম্মানিত অভিভাবকবৃন্দ সবাইকে জানাচ্ছি পবিত্র ঈদুল আজহার শুভেচ্ছা, বছর ঘুরে ঈদুল আজহা আমাদের মাঝে আবারও খুশির বার্তা নিয়ে হাজির হয়েছে। কিন্তু বর্তমান পরিস্থিতিতে আমরা সকলে এক ভিন্ন আবহে এবারের ঈদুল আজহা উদযাপন করছি। করোনা মহামারি ও হঠাৎ সৃষ্ট বন্যা এবার আমাদের ঈদ আনন্দে কিছুটা বাধা সৃষ্টি করেছে। অনেক দিন হলো আমার প্রিয় শিক্ষার্থী ও সম্মানিত অভিভাবকদের সাথে সরাসরি আলাপচারিতা হয় না। অনলাইনে ক্লাস পরীক্ষা চলছে। অনলাইন মিড সেমিস্টার/২য় ইউনিট/PPT পরীক্ষা শেষ হয়েছে। আগামী ১০ আগস্ট থেকে পরবর্তী পাঠদান শুরু হবে। এমতাবস্থায় সকল শিক্ষার্থী ও সম্মানিত অভিভাবকদের সাথে ঈদ শুভেচ্ছা বিনিময় ও পরবর্তী পাঠদান সংক্রান্ত যাবতীয় বিষয় নিয়ে মতবিনিময় সভা আহ্বান করা হয়েছে। আমাদের প্রিয় অভিভাবক কলেজ গভর্নিং বডি'র সম্মানিত সভাপতি সাবেক আইজিপি জনাব এ কে এম শহীদুল হক বিপিএম, পিপিএম মহোদয় এ ভার্চুয়াল সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে শিক্ষার্থী, অভিভাবক ও শিক্ষক-শিক্ষিকাদের সাথে ঈদ শুভেচ্ছা বিনিময়ে সদয় সম্মতি জ্ঞাপন করেছেন। এ সকল সভা নিম্নোক্ত সময়সূচী অনুযায়ী অনুষ্ঠিত হবে। অধ্যক্ষ মহোদয়ের সভাপতিত্বে সকল সভায় সংশ্লিষ্ট শ্রেণির CI ও SAT গণ উপস্থিত থাকবেন। সকল শিক্ষার্থীকে তাদের নিজ নিজ শ্রেণির ZOOM ক্লাসের মিটিং আইডি ও পাসওয়ার্ড ব্যবহার করে, নির্দিষ্ট দিনে, নির্দিষ্ট সময়ে ভার্চুয়াল সভায় অভিভাবক সহ অংশগ্রহণ করতে বলা হলো। সকল সম্মানিত অভিভাবককে নিজ সন্তানের পড়াশোনা এগিয়ে নিতে এ সভায় অংশগ্রহণের জন্য বিশেষ ভাবে অনুরোধ করা হলো। উল্লেখ্য, এ সংক্রান্ত যে কোনো প্রয়োজনে শিক্ষার্থীদের নিজ নিজ SAT এর সাথে যোগাযোগ করতে বলা হলো।

ZOOM App এর মাধ্যমে অনুষ্ঠিতব্য অনলাইন সভার সময়সূচি:

তারিখ ও দিন	শ্রেণি	শাখা	সভায় যুক্ত হওয়ার সময়
৩/০৮/২০২০ খ্রি. সোমবার	১০ম	বিজ্ঞান(বালিকা) ও ব্যবসায় শিক্ষা(বালিকা)	সকাল ৯.৩০ টা
		মানবিক(বালিকা)	বেলা ১১.০০ টা
		বিজ্ঞান(বালক)	বেলা ১২.৩০ টা
		ব্যবসায় শিক্ষা(বালক) ও মানবিক(বালক)	বেলা ২.০০ টা
৪/০৮/২০২০ খ্রি. মঙ্গলবার	৯ম	বিজ্ঞান(বালিকা)	সকাল ৯.৩০ টা
		মানবিক(বালিকা) ও ব্যবসায় শিক্ষা(বালিকা)	বেলা ১১.০০ টা
		বিজ্ঞান(বালক)	বেলা ১২.৩০ টা
		ব্যবসায় শিক্ষা(বালক) ও মানবিক(বালক)	বেলা ২.০০ টা
৫/০৮/২০২০ খ্রি. বুধবার	৮ম	শাপলা ও গোলাপ	সকাল ৯.৩০ টা
		শিউলি ও ডালিয়া	বেলা ১১.০০ টা
		মধুমতি ও পদ্মা	বেলা ১২.৩০ টা
		মেঘনা ও যমুনা	বেলা ২.০০ টা
৬/০৮/২০২০ খ্রি. বৃহস্পতিবার	৭ম	শাপলা ও গোলাপ	সকাল ৯.৩০ টা
		শিউলি ও ডালিয়া	বেলা ১১.০০ টা
		মধুমতি ও পদ্মা	বেলা ১২.৩০ টা
		মেঘনা ও যমুনা	বেলা ২.০০ টা
৮/০৮/২০২০ খ্রি. শানবার	৬ষ্ঠ	শাপলা ও গোলাপ(রোল: ১০৬-১৭৩)	সকাল ৯.৩০ টা
		গোলাপ(রোল: ১৭৪-২২৬) ও শিউলি	বেলা ১১.০০ টা
		মধুমতি ও পদ্মা	বেলা ১২.৩০ টা
		মেঘনা ও যমুনা	বেলা ২.০০ টা

উক্ত শ্রেণিসমূহের সকল শিক্ষার্থী ও তাদের অভিভাবকগণকে উপরোক্ত তারিখের সময় অনুযায়ী মিটিংয়ে যুক্ত হওয়ার জন্য বলা হলো।


৩১/০৭/২০২০

(এম. ফরিদ আল হোসাইন)
অধ্যক্ষ